



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১৪৬১৯

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

(ক) গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে:

১. মাদরাসার নিজস্ব প্যাডে আবেদন (স্মারক, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখসহ অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক স্বাক্ষরিত);
২. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে সভাপতি (০৩ জন) ও বিদ্যোৎসাহী প্রতিনিধির (০৩ জন) নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশা ও সামাজিক কর্মকান্ড প্রস্তাব করতে হবে (সভাপতি হিসেবে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং বিদ্যোৎসাহী হিসেবে উপজেলা/জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হলে নির্ধারিত ফরমে ০১ জন করে প্রস্তাব দিতে হবে);
৩. জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক ব্যতীত সভাপতি মনোনয়নের ক্ষেত্রে অন্যান্য ব্যক্তিদের বয়স ন্যূনতম ৪০ (চল্লিশ) বছর হতে হবে;
৪. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসার গভর্নিং বডি'র প্রস্তাবিত সভাপতির (জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক ব্যতীত) শিক্ষাগত যোগ্যতা কামিল/স্নাতকোত্তর ও বিদ্যোৎসাহীর শিক্ষাগত যোগ্যতা ফাজিল/সমমান হতে হবে এবং প্রস্তাবনা ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতার সর্বশেষ সনদ ও জাতীয় পরিচয় পত্রে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে;
৫. প্রস্তাবিত সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধিগণের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;
৬. গভর্নিং বডি'র নির্বাচন বিদ্যমান গভর্নিং বডি'র মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নতুন গভর্নিং বডি'র নির্বাচন সম্পন্ন হতে হবে;
৭. জ্যেষ্ঠতার ভিত্তিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করা হলে দায়িত্ব অর্পণের রেজুলেশন ও সভাপতি কর্তৃক ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদানের পত্র এবং সর্বশেষ এমপিও কপি;
৮. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসার গভর্নিং বডি'র নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা না থাকলে মামলা ও অভিযোগ নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;
৯. বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বের গভর্নিং বডি/এডহক কমিটির অনুমোদন কপি;
১০. বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি/অধিভুক্তি নবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত আবেদনের কপি;
১১. গভর্নিং বডি গঠনে বিলম্ব হলে তার সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ লিখিত ব্যাখ্যা;
১২. অভিভাবক প্রতিনিধি নির্বাচনের জন্য সভাপতি কর্তৃক প্রিজাইডিং অফিসার নিয়োগের কপি (প্রয়োজ্য ক্ষেত্রে);
১৩. অভিভাবক, দাতা, প্রতিষ্ঠাতা ও শিক্ষক প্রতিনিধি নির্বাচনের জন্য নির্বাচনী তফসীল;
১৪. অভিভাবক, দাতা, প্রতিষ্ঠাতা ও শিক্ষক প্রতিনিধি নির্বাচন ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের মাদরাসাসমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ (খ) এর ১১.৩ থেকে ১১.৫ মোতাবেক সম্পন্ন করতে হবে;
১৫. পূর্ণাঙ্গ গভর্নিং বডি গঠনে কোন পদ শূন্য রাখা যাবে না, যদি শূন্য থাকে তাহলে সুনির্দিষ্ট কারণসহ ব্যাখ্যা পত্র সংযুক্ত করতে হবে;
১৬. প্রিজাইডিং অফিসার কর্তৃক অভিভাবক, দাতা, প্রতিষ্ঠাতা ও শিক্ষক প্রতিনিধি নির্বাচনের ফলাফলের স্বাক্ষরিত কপি;
১৭. মাদরাসা শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা অধিদপ্তরের বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের কপি/আবেদনের কপি দাখিল করতে হবে;
১৮. বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত মাদরাসাসমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ মোতাবেক কমিটি গঠনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১০.০২.২৫

(মো: আইউব হোসেন)

রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

ই-মেইল: iauregistr@gmail.com

কাগজপত্র